দৈনিক আমাদের সময়

তারিখ ..21 NOV 2016...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# রাজধানীর সরকারি স্কুলে ভর্তি আবেদন শুরু ৩০ নভেম্বর

নিজস্ব প্রতিবেদক ●

রাজধানীর ৩৫ সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০১৭ সালের ভর্তির আবেদন কার্যক্রম অনলাইনে ৩০ নভেম্বর রাত থেকে শুরু হবে। ১২ ডিসেম্বর রাত ১২টা পর্যন্ত http://gsa.teletalk.com.bd ওয়েবসাইটে ব্রাউজ করে আবেদন করা যাবে। বিদ্যালয় থেকে কোনো ভর্তি ফরম বিতরণ করা হবে না। গতকাল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের (মাউশি) এক বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে। আবেদনের জন্য টেলিটক প্রিপেইড মোবাইল ফোন নম্বর থেকে এসএমএসের মাধ্যমে ১৫০ টাকা দিতে হবে।